

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
পৌর-২ শাখা  
www.lgd.gov.bd

“শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি”

স্মারক নং- ৪৬.০০.০০০০.০৬৪.৩১.২২৮.১৮-৯৫৪

তারিখ: ০৮ ভাদ্র ১৪৩০  
২৩ আগস্ট ২০২৩

প্রজ্ঞাপন


“স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯” এর ধারা ৪২ এর সংশোধনক্রমে স্থানীয় সরকার (পৌরসভা) (সংশোধন) আইন, ২০২২ এর ধারা ৯ অনুযায়ী সাতক্ষীরা জেলার শ্যামনগর পৌরসভা পরিচালনা ও উন্নয়নমূলক কর্মকান্ডের জন্য সরকার উক্ত পৌরসভায় জনাব মোঃ আসাদুজ্জামান, সহকারী কমিশনার (ভূমি), শ্যামনগর, সাতক্ষীরা-কে প্রশাসক নিয়োগ করিল।

০২। “স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯” এবং সংশ্লিষ্ট বিধি বিধান অনুযায়ী নিয়োগকৃত প্রশাসক উক্ত পৌরসভার সার্বিক দায়িত্ব ও কর্মকান্ড পালন করিবেন।

০৩। “স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯” এর ধারা ১২৯-এর আলোকে মেয়াদ উত্তীর্ণের তারিখ হইতে নতুন প্রশাসক নিয়োগের পূর্ব পর্যন্ত পূর্ববর্তী প্রশাসকের সম্পাদিত কার্যক্রম ভূতাপেক্ষভাবে অনুমোদন করা হইল।

০৪। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে



(ফারজানা মান্নান)

উপ সচিব

ফোনঃ ০২-৯৫৭৫৫৭২


E-mail: lgpaura2@lgd.gov.bd

স্মারক নং- ৪৬.০০.০০০০.০৬৪.৩১.২২৮.১৮-৯৫৪/১(৮)

তারিখ: ০৮ ভাদ্র ১৪৩০  
২৩ আগস্ট ২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইলঃ

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। যুগ্মসচিব (ন:উ:-২), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, সাতক্ষীরা।
- ৪। উপসচিব (পৌর-১ শাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। উপ-পরিচালক, বাংলাদেশ ফরম্‌স ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশ করিয়া ২৫ কপি স্থানীয় সরকার বিভাগে প্রেরণের অনুরোধসহ)
- ৬। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। জনাব মোঃ আসাদুজ্জামান, সহকারী কমিশনার (ভূমি), শ্যামনগর, সাতক্ষীরা।
- ৮। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।



(ফারজানা মান্নান)

উপ সচিব